



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.৩৩০

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬
১৩ অক্টোবর ২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর ম্যুরাল, বঙ্গবন্ধু কর্নারও ইলেকট্রনিক গেট উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ১৩ অক্টোবর ২০১৯ তারিখ রবিবার সকাল ১০ ঘটিকায় কৃষি ভবন, বিএডিসি, দিলকুশা, ঢাকায় বঙ্গবন্ধুর ম্যুরাল, বঙ্গবন্ধু কর্নারও ইলেকট্রনিক গেট উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কৃষিবিদ ড. মো. আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সদস্য কৃষিবিদ আব্দুল মান্নান এমপি, কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো. নাসিরুজ্জামান এবং কৃষি মন্ত্রণালয়ের প্রাক্তন সচিব ও বিশেষজ্ঞ পুলের সদস্য ড. এস এম নাজমুল ইসলাম। সভায় সভাপতিত্ব করেন বিএডিসি'র চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব মো. সায়েদুল ইসলাম। অনুষ্ঠানে বিএডিসি'র পক্ষে বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক (উদ্যান) ও বিএডিসি বঙ্গবন্ধু পরিষদের সভাপতি জনাব মুহা. আজহারুল ইসলাম ও বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ বি-১৯০৩ (সিবিএ) এর সাধারণ সম্পাদক জনাব মো. জাকির হোসেন চৌধুরী।

মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক প্রধান অতিথির বক্তব্যে বলেন, বাংলাদেশের অর্থনীতিতে কৃষির গুরুত্ব অপরিসীম। আগে কৃষি কাজ করে উন্নত জীবন যাপন করা সম্ভব ছিল না কিন্তু বর্তমানে কৃষি এখন অভিজাত শ্রেণির পেশা হিসেবে স্বীকৃত। আমাদের প্রথম চ্যালেঞ্জ ছিল সবাইকে পেটপুরে খাওয়ানো আর দ্বিতীয় চ্যালেঞ্জ হচ্ছে সবার জন্য পুষ্টি ও নিরাপদ খাদ্য নিশ্চিত করা। সে লক্ষ্যে কৃষিকে আধুনিকীকরণ, বাণিজ্যিকীকরণ ও যান্ত্রিকীকরণ করতে হবে। বিএডিসিতে বঙ্গবন্ধু কর্নারও বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপন করায় মাননীয় মন্ত্রী বিএডিসিকে ধন্যবাদ জানান। কৃষিকে লাভজনক করার পিছনে বিএডিসি অন্যতম ভূমিকা রাখছে। ২০০৯ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত বিএডিসিতে অনেক উন্নয়ন হয়েছে।

মাননীয় মন্ত্রী বলেন, বিএডিসি'র বীজ উৎপাদনের পরিমাণ আরো বাড়াতে হবে। আগামী দিনে বিএডিসি কি করবে তা ম্যাট্রিক্স আকারে পরিকল্পনা গ্রহণ করতে হবে। বর্তমান সরকার সারের দাম কমিয়েছে। ভুট্টার উৎপাদন বাড়িয়ে আমরা ভুট্টার তৈল উৎপাদন করতে চাই। বঙ্গবন্ধু কৃষিবিদদের চাকরি প্রথম শ্রেণিতে উন্নীত করেছেন যাতে এ পেশায় মেধাবীরা আসে।

মাননীয় মন্ত্রী আরো বলেন, বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সকলকে জবাবদিহিতার মধ্যে আসতে হবে। যশোরের গদখালিতে বিএডিসি'র মাধ্যমে পলি হাউজে নিরাপদ সবজি চাষ দেখে আমি মুগ্ধ হয়েছি। মাননীয় মন্ত্রী বিএডিসি'র উদ্দেশ্যে বলেন, আপনারা যত বেশি নতুন নতুন প্রযুক্তি মানুষের কাছে নিতে পারবেন ততই আপনাদের সম্মান ও গ্রহণযোগ্যতা বাড়বে।

উক্ত অনুষ্ঠানে বিএডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সিবিএ নেতৃবৃন্দ, বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দসহ বিএডিসি'র সর্ব স্তরেরকর্মকর্তাকর্মচারীগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), তদানিন্তন পূর্ব পাকিস্তান কৃষি উন্নয়ন কর্পোরেশন নামে কৃষি উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি ২০১৯ সালের ১৬ অক্টোবর প্রতিষ্ঠার ৫৮তম বর্ষ পূরণ করবে। সংস্থাটি ফসল উৎপাদনের সাথে সম্পৃক্ত গুণগত মানসম্পন্ন বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ সংরক্ষণ ও বিতরণ, আধুনিক সেচ সুবিধা প্রদান ও সম্প্রসারণ, মানসম্মত সার আমদানি ও বিতরণ কার্যক্রমএ তিনটি উপকরণ কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বিএডিসি'র সফলতার ধারাবাহিকতায় দেশের কৃষি উন্নয়নে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য এবং বিপুল জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিএডিসি'র অসামান্য অবদানের প্রতিদানে সংস্থাটি কৃষি ক্ষেত্রে সর্বোচ্চরাষ্ট্রীয় পুরস্কার “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৭” (স্বর্ণ পদক) অর্জন করে।

